# ঈশ্বরের বাক্য ব্যাখ্যার মাধ্যমে যীশু লোক সমূহের হৃদয়কে আন্দোলিত করেছিলেন

**প্রার্থনা ঃ** ''প্রিয় প্রভু, প্রাচীন ভাববাদীরা যীশু সম্বন্ধে কি আগাম সংবাদ দিয়েছিলেন তা শিখে শিশুদের হৃদয়কে, ইম্মায়ূর রাস্তায় শিষ্যদের মত, আন্দোলিত হতে সাহায্য কর।''

ছোটদের বয়স ও প্রয়োজনের সাথে মানানসই যে কোন একটি শিক্ষণ কার্যকলাপ পছন্দ করুন।

একজন বড় শিশুকেঅথবা একজন **শিক্ষককেলুক ২৪ঃ১৩-৩৫** পদ থেকে জ্বলন্ত হৃদয়ের গল্পটিকে মুখস্থ বলতে অথবা পড়তে দিন।

**ব্যাখ্যা** করুন যে যীশু দুজন লোককে বাইবেল তাঁর সম্পর্কে আগে থেকে কি ভবিষ্যত বাণী করেছে তা বলেছিলেন; তা শুনে তারা এমন আনন্দিত হয়েছিল যে তা ছিল তাদের হৃদয়ে আগুন জ্বলার মত ব্যাপার। ঈশ্বর তাঁর প্রাচীন ভাববাদীদের ভবিষ্যতে কি ঘটবে তার সম্পর্কে জ্ঞাত করেছিলেন।



এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন (প্রতিটি প্রশ্নের পর উত্তর দেওয়া হল)

- প্রথম দর্শনেই কি লোক দুটি যীশুকে চিনেতে পেরেছিল? (১৬ পদ)
- কেন দুজন ব্যক্তিকে দুঃখিত দেখাচ্ছিল? (২০ পদ, যীশুর মৃত্যু হয়েছিল)
- যীশু সম্মন্ধে ব্যক্তি দুজন কি বলেছিল? (১৯-২৩ পদ)
- তাদের বিমর্ষতা সম্পর্কে যীশু কি বলেছিলেন? (২৬ পদ)
- তাদের দুজনকে যীশু কি ব্যাখ্যা করেছিলেন? (২৭ পদ)
- শেষ পর্যন্ত কখন তারা দুজন যীশুকে চিনতে পেরেছিলেন? (৩০,৩১ পদ)

লুক ২৪ঃ১৩-৩৫ থেকে ইম্মায়ূর রাস্তায় দুজন শিষ্যের হেঁটে যাওয়াকে নাটক আকারে মঞ্চস্থ করুন।

- এই সংক্ষিপ্ত নাটকটির পুরোটা অথবা কিছুটা অংশ মঞ্চস্থ করার জন্য আরাধনাকারী নেতাদের সাথে প্রস্তুত করুন।
- আপনার শিক্ষাদানের সময়কে ছোটদের সাথে এই নাটকটি প্রস্তুত করতে ব্যবহার করুন।
- বড় ছেলেমেয়েদেরকে ছোটদের প্রস্তুতি নিতে সাহায্য করতে দিন।

- বড় ছেলেমেয়ে অথবা প্রাপ্ত বয়স্কদের কেউ **যীশু, গীতরচক** (৬ পর্যন্ত) এবং **বিবৃতিকারকের** (যিনি ছোটদের কি বলতে হবে তা স্মরণ করতে সাহায্য করবে) ভূমিকায় অভিনয় করতে দিন। গীতরচক ২২ গীত থেকে যা নাটকে উক্ত করা হয়েছে তা মুখস্থ বলবে অথবা পাঠ করবে।
- ছোটরা **ক্লিয়পা, সহযাত্রীরা** ও **শিষ্যদের,** যাত্রীদের ভূমিকায় অভিনয় করবে।

**বিবৃতিকার ঃ** লূক ২৪ঃ১৩-২৭ অংশে গল্পের প্রথম ভাগ বলবে। তারপর বলবে, ''ক্লিয়পা কি বলে তা শুনুন।''

**ক্লিয়পা ঃ** (হেঁটে যাওয়া অবস্থায় সহযাত্রীদের সঙ্গেকথা বলবেন) যীশুর মৃত্যুর কারণে আমি খুব ভেঙে পরেছি! কেন ঈশ্বর তাকে মরতে দিলেন?''

**যীশু ঃ** ''আমার বন্ধুরা, হাঁটতে হাঁটতে তোমরা কি বিষয় বলাবলি করছ?''

**সহযাত্রীরা ঃ** ''যীশু মরেছেন। তিনি একজন খুবই ক্ষমতাবান ভাববাদী। আমরা ভেবেছিলাম যে তিনি ইস্রায়েলের রাজা হবেন। কিন্তু আমাদের শাসন কর্তারা তাঁকে হত্যা করে দিল।'' বর্তমান কিছু মহিলাকে বলতে শুনছি যে তিনি নাকি আবার জীবিত হয়েছেন।''

**যীশু ঃ** ''তুমি কি বুঝতে পারছ না? তাঁকে নির্যাতিত হতে হবে এবং মৃত্যুবরণ করতে হবে। এখন তাঁর সম্পর্কে শাস্ত্র কি বলে তা শ্রবণ কর।''

**বিবৃতিকার ঃ** যীশু সেই সমস্ত শাস্ত্রাংশগুলি উক্ত করেছিলেন যা তাঁর কাজ সম্পর্কে ভবিষ্যত বাণী করে। তা শুনে তাদের হৃদয় যেন আগুনে জ্বলে গেছিল। যীশুর ক্রুশের উপর মৃত্যু সম্পর্কে দায়ুদ গীতসংহিতা ২২ অধ্যায়ে কি আগাম বলেছিলেন তা শ্রবণ করুন।

**গীতরচক ঃ**

''ঈশ্বর আমার, ঈশ্বর আমার, তুমি কেন আমায় পরিত্যাগ করেছো?''

''যাহারা আমাকে দেখে সকলে আমাকে অবজ্ঞা করে,

তাহারা ওষ্ঠ দ্বারা আমাকে উপহাস করে, তারা তাদের মাথা নাড়ে।''

'' তাহারা বলে,'সদাপ্রভুর উপর নির্ভর কর; তিনি উহাকে উদ্ধার করুন;

''উহাকে রক্ষা করুন, কেননা তিনি উহাতে প্রীত।''

''দুরাচারদের মণ্ডলী আমাকে বেষ্টন করেছে,

তাহারা আমার হস্তপদ বিদ্ধ করিয়াছে''

''আমি আপন অস্থি সকল গণনা করতে পারি,উহারা আমার প্রতি দৃষ্টি করে চাহিয়া থাকে।''

''তাহারা আপনাদের মধ্যে আমার বস্ত্র বিভাগ করে,

আমার পরিচ্ছদের জন্য গুলিবাঁট করে।''

**বিবৃতিকার ঃ** লূক ২৪ঃ২৮-৩৫ অংশ থেকে গল্পের দ্বিতীয় ভাগ বলবে। তারপর বলবে, ''শুনুন ক্লিয়পা কি বলছেন।''

**ক্লিয়পা ঃ** (যীশুর প্রতি বলবে) ''বন্ধু অনেক রাত হয়েছে। আপনাকে এখন আর কোথাও যেতে হবেনা। আমাদের সাথে রাতটা এখানে কাটান।''

**যীশু ঃ** ''আমাকে রুটীটা ভাঙ্গতে দাও। ঈশ্বর তোমাকে এই খাবারের জন্য ধন্যবাদ। (রুটী ভাঙার ও তা ক্লিয়পা ও অন্যান্য সহযাত্রীদের দেওয়ার অভিনয় করবে)

**ক্লিয়পা ঃ** শিষ্যদের কাছে দৌড়ে যাবে। চীৎকার করে বলবে, ''ইনিই হলেন সেই ব্যক্তি!'' ইনিই হলেন যীশু!''

**সহযাত্রীরা ঃ** ''তাঁর সব শিষ্যদের বল।''


**শিষ্যরা ঃ** ''হ্যাঁ এটা সত্য। ''আমরাও তাঁকে দেখছি।'' ''তিনি আবার বেঁচে উঠেছেন।''

**বিবৃতিকার ঃ** নাটকটিতে যারা সাহায্য করেছে তাদেরকে ধন্যবাদ দেবে।

**প্রশ্নসমূহ ঃ** ছোটরা যদি প্রাপ্তবয়স্কদের জন্য নাটকটি উপস্থাপন করে থাকে তবে তাদেরকে, উপরে দেওয়া প্রশ্নগুলিকেও জিজ্ঞাসা করতে দিন।

**জিজ্ঞাসা করুন ঃ** আরও কিছু অন্যান্য সময়ের উদাহরণ দিন যখন আমরা যীশুর সম্বন্ধে এবং তাঁর পুণরুত্থানের কথা শুনি এবং ঈশ্বর আমাদের হৃদয়কে আনন্দে পূর্ণ করেছেন। (ছোটদেরকে উদাহরণ দিতে দিন)

একটি হৃদয় মধ্যে আগুনের ছবি আঁকুন। আরাধনার সময় ছোটদেরকে তা প্রাপ্তবয়স্কদের দেখিয়ে ব্যাখ্যা করতে দিন যে যীশু আমাদের হৃদয়কে আনন্দে পূর্ণ করেছেন, কারণ তিনি মৃত নয়।; কিন্তু তিনি যে বেঁচে উঠেছেন এবং তাঁর আত্মা আমাদের মধ্যে অনন্তকাল ধরে বাস করেন।



**মুখস্থ পদ ঃ** যিহিষ্কেল ৩৬ঃ২৫-২৬। (ছোট ছেলেমেয়েদেরকে কেবলমাত্র ২৬ পদ শিখতে বলুন)

**২৫** ''আর আমি তোমাদের উপর শুচি জল প্রক্ষেপন করিব; তাহাতে তোমরা শুচি হইবে; আমি তোমাদের সকল অশৌচ থেকে ও তোমাদের সকল পুত্তলি থেকে তোমাদিগকে শুচি করব।''

**২৬** ''আর আমি তোমাদিগকে নূতন হৃদয় দিব, ও তোমাদের অন্তরে নূতন আত্মা স্থাপন করব; আমি তোমাদের মাংস থেকে প্রস্তরময় হৃদয় দূর করব ও তোমাদের মাংসময় হৃদয় দিব।''

**প্রার্থনা ঃ** ''প্রিয় প্রভু, তোমার পুনরুত্থানকে যখন আমরা স্মরণ করি তখন আমাদের হৃদয় আনন্দে তপ্ত হয়ে ওঠে। তুমি মৃত্যুর মধ্যে অবস্থিতি করনি। তুমি জীবিত হয়েছো! তুমি আমাদের মধ্যে বাস কর এবং আমাদের জীবন দান কর। আমাদের চোখ দিয়ে তোমাকে দেখাতে এবং তোমার সাথে চিরকাল থাকতে আমরা উদগ্রীব। প্রিয় যীশু তাড়াতাড়ি এস।''

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net